

নজরুল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সাথে সৌজন্য সাক্ষাৎ করলেন ঢাবি উপাচার

রোকন বাপ্পি, নজরুল বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

প্রকাশিত: ২৩:৫৯, ৫ মার্চ ২০২৫; আপডেট: ০০:০০, ৬ মার্চ ২০২৫



X



ডিপেটমেন্ট টেক্সট ঘাট মতা পাস



Watch on 

ডিপেটমেন্ট টেক্সট ঘাট মতা পাস

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলম-এর আমন্ত্রণে সাড়া দিয়ে সৌজন্য সাক্ষাৎ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. নিয়াজ আহমদ খান। ০৫ মার্চ ২০২৫ তারিখ বুধবার দুপুরে নজরুল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্যের অফিসে আসলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্যকে উষ্ণ অভিনন্দন জানান নজরুল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলম।

সৌজন্য সাক্ষাৎ শেষে কনফারেন্স কক্ষে সংক্ষিপ্ত এক আলোচনা সভায় বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. নিয়াজ আহমদ খান। তিনি তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, ‘দেশের শিক্ষা ব্যবস্থার উন্নয়নের জন্য রিসার্চ কোলাবোরেশন (গবেষণা সহযোগিতা) বাড়াতে হবে। একইসাথে সরকারি ও বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ভ্রাতৃত্ববোধ বাড়ানোর উপর গুরুত্বারোপ করেন তিনি। শিক্ষা ও গবেষণায় পারস্পরিক বিনিময়ের মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে ভ্রাতৃত্ববোধ গড়ে তোলার আহবান জানান ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. নিয়াজ আহমদ খান।’ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের একাডেমিক, অবকাঠামোগত ও পারিপার্শ্বিক পরিবেশ সম্পর্কে অবহিত হয়ে তিনি সন্তোষ প্রকাশ করেন। এছাড়া জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আমন্ত্রণ জানানোর জন্য মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলম-কে তিনি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

এদিকে আমন্ত্রণে সাড়া দিয়ে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় পরিদর্শন করায় নজরুল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য-কে আন্তরিক ধন্যবাদ জানিয়ে পুনরায় পরিদর্শনের আমন্ত্রণ জানান।

এসময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. জয়নুল আবেদীন সিদ্দিকী, কলা অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ ইমদাদুল হুদা, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. এ. এইচ. এম কামাল, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মো. বখতিয়ার উদ্দিন, চারুকলা অনুষদের ডিন প্রফেসর ড. তপন কুমার মনসুর আলী অনুষদের ডিন মুহাম্মদ ইরফান আজিজ, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর উল-মাওলা (মাওলা প্রিন্স), প্রক্টর ড. মো. মাহবুবুর রহমান, ছাত্র পরা-দপ্তরের পরিচালক ড. মো. আশরাফুল আলম, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানসহ প্রমুখ উপস্থিত ছিলেন।